# স্নাতকোত্তর পাঠক্রম ( P. G.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা ( Term End Examination ) :

ডিসেম্বর, ২০১৪ / জুন, ২০১৫

# বাংলা ( Bengali )

## সপ্তম পত্র – ক ( 7A Paper : Rabindra Sahitya )

সময় ঃ চার ঘণ্টা — পূর্ণমান ঃ ১০০

( মানের গুরুত্ব ঃ ৮০% )

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) ঃ

১৮ × ২ = ৩৬

(ক) ''মানসসুন্দরীর মানসী প্রিয়জনের সেই বিদেহিনী মূর্তি'' — 'মানসসুন্দরী' প্রসঙ্গে সমালোচকের এই মন্তব্যের গ্রহণযোগ্যতা বিচার করুন।

(খ) 'রক্তকরবী' নাটকে প্রযুক্ত গানগুলির নাট্যোপযোগিতা বিচার করুন।

(গ) 'অসম্ভব কল্পনা' কীভাবে 'সে' রচনাটিতে হাস্যরস সৃষ্টি করেছে উপযুক্ত দৃষ্টান্তসহ ব্যাখ্যা করুন।

(ঘ) 'রবিবার' অথবা 'শেষ কথা' গল্প অবলম্বনে 'তিনসঙ্গী' পর্বে ছোটগল্পের আঙ্গিক নিয়ে রবীন্দ্রভাবনার বিশেষত্ব লিপিবদ্ধ করুন।



[ পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য



২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) ''খটকা লাগল, কী জানি বানিয়ে বললেম না কি।' — এই সংশয়বাক্যই কবিতাটিকে রোমান্স থেকে মুক্ত করে দিনের আলোর সহজে নিয়ে এসেছে।'' — এমন কথা বলা যায় কী না পঠিত কবিতা অবলম্বনে লিখুন।

(খ) 'গোরা' উপন্যাস অবলম্বনে পল্লীভ্রমণের অভিজ্ঞতা গোরার জীবনে কীভাবে প্রভাব বিস্তার করেছে লিখুন।

(গ) ভারতবর্ষের যথার্থ ইতিহাস বলতে কী বোঝায় সে সম্পর্কে রবীন্দ্রনাথের অভিমত প্রকাশ করুন।

(ঘ) রবীন্দ্রমানসে 'হিমালয় যাত্রা'-র অভিঘাত পর্যালোচনা করুন।

(ঙ) 'সে' গ্রন্থে চিত্রিত ছবি এবং রবীন্দ্রনাথের চিত্রভাবনা সম্বন্ধে আলোচনা করুন।

(চ) 'রক্তকরবী' নাটকে বিশু পাগল চরিত্রটির তাৎপর্য বিশ্লেষণ করুন।

৩। যে-কোনো **চারটি** বিষয় সম্বন্ধে আলোচনা করুন ঃ

৭ × ৪ = ২৮

(ক) 'পরশপাথর' কবিতার মূল ভাব ব্যাখ্যা করুন।

(খ) ছিন্নপত্রে প্রতিফলিত রবীন্দ্রনাথের প্রকৃতিপ্রীতির পরিচয় দিন।

(গ) 'শেষকথা' গল্পে কচ-দেবযানী প্রসঙ্গের তাৎপর্য ব্যাখ্যা করুন।

(ঘ) ''তাঁরা বিদ্যাব্যবসায়কে ঘৃণা করিয়া বিদ্যাদানকে কৌলিকব্রত বলিয়া মনে করিবেন'' — প্রসঙ্গ উল্লেখপূর্বক পংক্তিটির তাৎপর্য বুঝিয়ে দিন।

(ঙ) 'জীবনস্মৃতি' অবলম্বনে রবীন্দ্র-মানসে বঙ্কিমচন্দ্র এবং অক্ষয়চন্দ্র চৌধুরীর প্রভাব আলোচনা করুন।

(চ) গোরা চরিত্র পরিস্ফুটনে বিনয়ের ভূমিকা বিস্তৃত পর্যালোচনা করুন।

(ছ) 'নাটকটি সত্যমূলক' — 'রক্তকরবী' প্রসঙ্গে রবীন্দ্রনাথের এই উক্তির যথার্থতা কোথায় আলোচনা করুন।